



খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(একাডেমিক শাখা)


স্মারক নং খুবি/একা-০৭/২০০২- ৫০৮

তারিখ : ২৬/০৮/২০২১ খ্রি.

রাজস্ব খাতভুক্ত বৃত্তি (শিক্ষাবোর্ড ও মাস্টার্স বৃত্তি) সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ G2P (EFT) এর আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বরে সরাসরি প্রেরণের বিধান চালু করেছে। তারই আলোকে খুলনা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (শিক্ষাবোর্ড ও মাস্টার্স বৃত্তি) শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নম্বরে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের বৃত্তির অর্থ ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। জানা গেছে এর মধ্যে কিছু কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরে টাকা আসেনি। সম্প্রতি কয়েকজন শিক্ষার্থীও বৃত্তির টাকা পায়নি বলে একাডেমিক শাখাকে অবহিত করেছে।

এমতাবস্থায় শুধুমাত্র ২০১৯-২০২০ অর্থ বছরে আবেদনকারী যে সকল শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরে টাকা জমা হয়নি তারা সংযুক্ত Excell ফরম পূরণপূর্বক আগামী ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্ব-স্ব ডিসিপ্লিনে জমা দিবে এবং ডিসিপ্লিন থেকে ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণ করবে। উল্লেখ্য, Excell ফরমে তথ্যের কোন ঘাটতি অথবা ব্যাংক হিসাব ও সেলফোন নম্বর Active না থাকলে বৃত্তির টাকা Bounced back হতে পারে।



(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়

তারিখ : ২৬/০৮/২০২১ খ্রি.

স্মারক নং খুবি/একা-০৭/২০০২- ৫০৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো

- ১। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি
- ২। ছাত্র বিষয়ক পরিচালক, খুবি
- ৩। প্রভোস্ট, সকল হল, খুবি
- ৪। পরিচালক, আইসিটি সেল, খুবি (খুবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপাচার্য মহোদয়ের সচিব, খুবি
- ৬। সংশ্লিষ্ট নথি
- ৭। গার্ড ফাইল


(কাকলি রহমান)
উপ-রেজিস্ট্রার
ও শাখা প্রধান (একাডেমিক)